# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৯২২.৯৯.৩১.২১-১৬৮৫ তারিখ ঃ ০৫/০২/২০২৪ খ্রিঃ

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ **কুমিল্লা**।

বিষয় ঃ "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)" - এর প্রকল্প পরিচালক কর্তৃক ২৭/০১/২০২৪ খ্রিঃ তারিখে কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলায় চলমান মার্কেট ভবন নির্মাণ কাজের পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক ২৭/০১/২০২৪ খ্রিঃ তারিখে কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলায় চলমান মার্কেট ভবন নির্মাণ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত ত্রুটিসমূহ প্রকল্প পরিচালক - এর সুপারিশ অনুযায়ী সংশোধনপূর্বক তার বিস্তারিত সচিত্র প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রকল্প পরিচালক বরাবর এলজিইডি সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**এখানে উল্লেখ্য যে, সিডিউলে উল্লেখিত ব্র্যান্ড ও স্পেসিফিকেশন বহির্ভূত বৈদ্যুতিক মালামাল, স্যানিটারী মালামাল ও সোলার সিস্টেম স্থাপন করা যাবে না এবং Design, Specification ও অনুমোদিত প্রাক্কলন বহির্ভূত কোন কাজের বিল পরিশোধ করা যাবে না। ত্রুটিপূর্ণ কাজের বিল প্রস্তুতকারী ও অনুমোদনকারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।**

**বিষয়টি অতীব জরুরী।**

০৫/০২/২০২৪

**(স্বপন কান্তি পাল)**
প্রকল্প পরিচালক
ফোন ঃ ০২-৪৪৮২৬৩২৮
ইমেইল: pd.crmidp@lged.gov.bd

০৫/০২/২০২৪

অনুলিপি ঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, **চট্টগ্রাম বিভাগ**, জেলা ঃ **চট্টগ্রাম**।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং ও মূল্যায়ন শাখা, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, **কুমিল্লা অঞ্চল**, জেলা ঃ **কুমিল্লা**।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা ঃ **ব্রাহ্মণপাড়া**, জেলা ঃ **কুমিল্লা**।

# দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

## পরিদর্শন প্রতিবেদন

বিভাগ ঃ চট্টগ্রাম জেলা ঃ কুমিল্লা উপজেলা ঃ ব্রাহ্মণপাড়া

| ক্রমিক নং | পরিদর্শনের তারিখ | জেলা ও উপজেলা | পরিদর্শনকৃত স্কীমের বিবরণ (সমাপ্তির জন্য নির্ধারিত তারিখ, বর্তমান অগ্রগতি, প্রকল্পের নাম ইত্যাদি সহ) | পরিদর্শনকৃত স্কীমসমূহের পরিলক্ষিত ত্রুটি/সমস্যা সমূহের বর্ণনা | | | ত্রুটি সংশোধন/সমস্যা সমূহ সমাধানের জন্য সুপারিশমালা/গৃহীত ব্যবস্থাদি ও মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | Item | Design Specification | Field Observation | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১। | ২৭/০১/২০২৪ খ্রিঃ | কুমিল্লা/ ব্রাহ্মণপাড়া | Construction of 2-Storied Rural Market Building (With 4-Storied Foundation) at **Brahmanpara Bazar**, under Upazila : **Brahmanpara**, District : **Cumilla.**<br>প্রকল্প/কর্মসূচির নাম ঃ CRMIDP<br>চুক্তি সম্পাদনের তারিখ ঃ ২১.০৩.২০২২ খ্রিঃ<br>ঠিকাদারের নাম ও ঠিকানা ঃ **MA Zaher Limited-M/S Anowara Foundation (MAZL-AF- JV)**<br>প্রাক্কলিত মূল্য ঃ ২,৭৭,০০,০০০.০০টাকা<br>চুক্তিমূল্য ঃ ২,৬৫,৮২,১২১.০১ টাকা<br>চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ঃ ১৩.০৩.২০২৩ খ্রিঃ<br>বর্তমান অগ্রগতি ঃ ৮০%<br>**কাজ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ঃ**<br>নির্বাহী প্রকৌশলী ঃ মীর্জা মোঃ ইফতেখার আলী<br>উপজেলা প্রকৌশলী ঃ মুহাম্মদ আবদুর রহিম<br>উপ-সহকারী প্রকৌশলী ঃ মোঃ মিজানুল হক | **Rolling Shutter** | - **MS Plate of Side Channel Thickness=6mm Width=100mm**<br>- **MS Plate of Mid Channel Thickness=6mm Width=150mm** | - MS Plate of Side Channel Thickness=3.64mm Width=100mm<br>- MS Plate of Mid Channel Thickness=3.64mm Width=150mm<br>- Rolling Shutter - এ Red Oxide ব্যবহার না করে স্থাপন করায় তা মরিচা ধরে এখনই ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। | - স্পেসিফিকেশন বহির্ভূত Rolling Shutter - এর Channel অপসারণ পূর্বক স্পেসিফিকেশন অনুযায়ী রোলিং সাটার স্থাপন করতে হবে।<br>- Collapsible Gate, Rolling Shutter ও Window Grill স্থাপন করার পূর্বে Red Oxide ব্যবহার নিশ্চিত করতে হবে। |
| | | | | **Drain at Platform** | - | - গ্রাউন্ড ফ্লোর-এ প্লাটফর্মের ড্রেন ও ড্রেনের পিট ডিজাইন অনুযায়ী করা হয়নি। | - স্পেসিফিকেশন ও ডিজাইন অনুযায়ী প্লাটর্ফম এর ড্রেন এবং ড্রেনের পিট কভার স্থাপন করতে হবে। |
| | | | | **Patent Stone** | - | - গ্রাউন্ড ফ্লোরে কিছু কিছু জায়গায় Patent Stone উঠে গেছে। | - ত্রুটিপূর্ণ Patent Stone অপসারণ পূর্বক স্পেসিফিকেশন ও ডিজাইন অনুযায়ী গ্রাউন্ড ফ্লোরে - এ Patent Stone সঠিকভাবে করতে হবে। |
| | | | | **Stair Landing** | - | - ড্রইং অনুযায়ী গ্রাউন্ড ফ্লোরে সিঁড়ির ল্যান্ডিং বীম - এর নিচে ৭ ফুট ফাঁকা থাকার কথা। কিন্তু বাস্তবে ৫ ফুট ফাঁকা রাখা হয়েছে, ফলে জনসাধারনের চলাচলে বিঘ্ন ঘটছে। | - ডিজাইন অনুযায়ী সিঁড়ির ল্যান্ডিং বীম - এর নিচে ৭ ফুট ফাঁকা রাখতে হবে যাতে জনসাধারন সহজে চলাচল করতে পারে। |
| | | | | **Electrical Work** | - | - প্রতিটি শপে ২টি পাওয়ার পয়েন্ট এর স্থলে ১টি পওয়ার পয়েন্ট স্থাপন করা হয়েছে। | - ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রতিটি শপে ২টি পাওয়ার পয়েন্ট স্থাপন করতে হবে। |
| | | | | | - | - প্রতিটি শপে মিনি এসডিবি স্থাপন করা হয়নি। | - ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রতিটি শপে 4-Way মিনি এসডিবি স্থাপন নিশ্চিত করতে হবে। |

| ক্রমিক নং | পরিদর্শনের তারিখ | জেলা ও উপজেলা | পরিদর্শনকৃত স্কীমের বিবরণ (সমাপ্তির জন্য নির্ধারিত তারিখ, বর্তমান অগ্রগতি, প্রকল্পের নাম ইত্যাদি সহ) | পরিদর্শনকৃত স্কীমসমূহের পরিলক্ষিত ত্রুটি/সমস্যা সমূহের বর্ণনা | | | ত্রুটি সংশোধন/সমস্যা সমূহ সমাধানের জন্য সুপারিশমালা/গৃহীত ব্যবস্থাদি ও মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | Item | Design Specification | Field Observation | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | **Brick Work** | **10 Hole Ceramic Brick Work at Barandha** | - বারান্দা রেলিং সহ Brick Work এর কাজ বাস্তবায়ন করা হয়নি। | - সংশোধিত ড্রইং-ডিজাইন অনুযায়ী বারান্দা রেলিং সহ Brick Work এর কাজ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। |
| | | | | **PVC পাইপ দ্বারা ভবনের OutSide Pipe Line এবং Inspection Pit** নির্মাণ | **Thickness of 150mm Dia Pipe = 4.5mm 100mm Dia Pipe = 3.4mm** | - PVC পাইপের মাধ্যমে ভবনের পানি নিষ্কাশনের জন্য ভবনের Outside Pipe Line এবং Inspection Pit স্থাপন করা হয়নি। | - স্পেসিফিকেশন ও প্রাক্কলনে বর্ণিত PVC পাইপের মাধ্যমে ভবনের পানি নিষ্কাশনের জন্য ভবনের Outside Pipe Line এবং ড্রইং ও ডিজাইন অনুযায়ী Inspection Pit স্থাপন করতে হবে। |
| | | | | **Roof Top** | - | - Roof Top - এ Lightning Arrester ও Solar System স্থাপন করা হয়নি। | - ড্রইং-ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী Roof Top - এ Lightning Arrester ও 3D View অনুযায়ী Solar System স্থাপন করতে হবে। |
| | | | | **Grating Net** | - | - Waste water pipe এবং Rain Water Down Pipe - এর মুখে (Inlet-এ) Grating Net ব্যবহার করা হয়নি। | - Waste water pipe এবং Rain Water Down Pipe - এর মুখে (Inlet-এ) Grating Net ব্যবহার নিশ্চিত করতে হবে। |
| | | | | আর্থিং | - | - আর্থিং করা হয়নি। | - ড্রইং-ডিজাইন ও প্রাক্কলনে উল্লেখিত পরিমান ও গভীরতা অনুযায়ী বোরিং নিশ্চিত করে আর্থিং করতে হবে। |

বিশেষ মন্তব্য ঃ

- চুক্তি সম্পাদনের পর দীর্ঘদিন অতিবাহিত হলেও কাজের অগ্রগতি সন্তোষজনক নয় এবং সময় বর্ধনের বিষয়েও কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। এতে প্রতিয়মান হচ্ছে, **Contract Management** এবং **Time Managment** এর বিষয়ে ক্রয়কারী কার্যকর কোন ব্যবস্থা গ্রহণ করেননি। এ বিষয়ে অধিকতর যত্নবান হওয়া উচিত। অন্যথায় পরবর্তীতে সৃষ্ট যে কোন জটিলতার জন্য ক্রয়কারী ও সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী দায়ী থাকবেন।
- স্পেসিফিকেশন ও সিডিউলে উল্লেখিত ব্র্যান্ড অনুযায়ী স্যানিটারী মালামাল, বৈদ্যুতিক মালামাল ও সোলার সিস্টেম স্থাপন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

| | |
|---|---|
| ০৫/০২/২০২৪ | ০৫/০২/২০২৪ |
| (শাকিল হাওলাদার) | (স্বপন কান্তি পাল) |
| উপ-সহকারী প্রকৌশলী | প্রকল্প পরিচালক |




**Brahmanpara Bazar**, under Upazila : **Brahmanpara**, District : **Cumilla.**



**Brahmanpara Bazar**, under Upazila : **Brahmanpara**, District : **Cumilla.**



**Brahmanpara Bazar**, under Upazila : **Brahmanpara**, District : **Cumilla.**



**Brahmanpara Bazar**, under Upazila : **Brahmanpara**, District : **Cumilla.**




**Brahmanpara Bazar**, under Upazila : **Brahmanpara**, District : **Cumilla.**



**Brahmanpara Bazar**, under Upazila : **Brahmanpara**, District : **Cumilla.**



**Brahmanpara Bazar**, under Upazila : **Brahmanpara**, District : **Cumilla.**



**Brahmanpara Bazar**, under Upazila : **Brahmanpara**, District : **Cumilla.**